

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১০

আগরতলা, ৮ জানুয়ারি, ২০২৪

১৮তম আঞ্চলিক সরস মেলা সমাপ্তি

গ্রামীণ এলাকার মহিলাদের আত্মনির্ভর করে তুলতে পারলে
রাজ্যের বিকাশ ত্বরান্বিত হবে : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

১২দিনব্যাপী ১৮তম আঞ্চলিক সরস মেলা আজ সমাপ্ত হয়েছে। হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত সরস মেলার থিম ছিল লাখপতি দিদি ত্রিপুরার অগ্রগতি। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার মহিলাদের আত্মনির্ভর করে তোলার উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। এই লক্ষ্যে স্বসহায়ক দলের সাথে যুক্ত মহিলাদের আত্মনির্ভর করে তোলা হচ্ছে। রাজ্য ইতিমধ্যেই ৮৩ হাজার লাখপতি দিদি হয়েছেন। তিনি আরও বলেন, গ্রামীণ এলাকার মহিলাদের আত্মনির্ভর করে তুলতে পারলে রাজ্যের বিকাশ ত্বরান্বিত হবে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য ও পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা ডা. বিশাল কুমার। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সিইও ব্রাঞ্জিত কাউর।

১৮তম আঞ্চলিক সরস মেলায় ৩৮৫টি স্টল খোলা হয়েছিল। এরমধ্যে ৩৩১টি স্টল ছিল মহিলা স্বসহায়ক দলের। সরস মেলার স্টলগুলিতে এই স্বসহায়ক দলগুলি তাদের উৎপাদিত পণ্য সামগ্রী নিয়ে অংশ নেন। ১২দিনব্যাপী সরস মেলার গতকাল পর্যন্ত ১১ দিনে মোট ৪ কোটি ৬ লক্ষ টাকার পণ্য বিক্রয় হয়েছে। ১৮তম সরস মেলায় শ্রেষ্ঠ স্বসহায়ক দলের পুরস্কার পেয়েছে করবুক ঝুকের লক্ষ্মীভান্দার স্বসহায়ক দল।
